# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 14 April, 2025

নববর্ষের উৎসব ও বর্ষবরণ র‍্যালিকে ঘিরে রাজধানীর শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা এবং রমনা বটমূলে সকাল থেকেই মানুষের ব্যাপক সমাগম দেখা গেছে।এতে শাহবাগ ও আশপাশের সড়কগুলোতে যান চলাচলে অত্যন্ত ধীরগতি দেখা গেছে।

যদিও ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) আগেই শাহবাগ এলাকায় যানচলাচলে নিষেধাজ্ঞা দিয়েছিল, বাস্তবে রাস্তায় দেখা যায় বিপরীত চিত্র।যানবাহন, রিকশা, ভ্রাম্যমাণ দোকান ও মানুষের ভিড়ে পুরো এলাকাজুড়ে সৃষ্টি হয়েছে তীব্র যানজট।

সকালে মিরপুর থেকে এলিফ্যান্ট রোডে অফিস যেতে বের হওয়া রাজু ভৌমিক নামে একজন বলেন, 'প্রতিবছরই নববর্ষে মানুষের ভিড় হয় জানি, কিন্তু এবার রাস্তার ওপর এত দোকান ও রিকশা থেমে থাকায় সড়ক প্রায় অবরুদ্ধ।দুই ঘণ্টা ধরে আমি শাহবাগে আটকে আছি।

আরেকজন পথচারী সাবিহা সুলতানা, যিনি বন্ধুবান্ধবদের সঙ্গে রমনায় ঘুরতে এসেছেন।তিনি বলেন, 'উৎসবটা আমরা উপভোগ করছি ঠিকই, কিন্তু নিরাপত্তা ও যান নিয়ন্ত্রণে আরও কড়াকড়ি দরকার ছিল।রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা গাড়িগুলোও ভিড় বাড়িয়ে দিচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায়ও একই চিত্র দেখা যায়।উৎসবমুখর মানুষের ভিড়ের পাশাপাশি সড়কে হকারদের ভ্রাম্যমাণ দোকান, ফুচকা-চটপটির স্টল, এমনকি রিকশা দাঁড় করানো থাকায় পথচারীদের চলাচল ও যান চলাচল ব্যাহত হচ্ছে।

ডিএমপি সূত্রে জানা গেছে, তারা সকাল থেকেই নিরাপত্তা নিশ্চিত করতে কাজ করছে এবং যান চলাচল নিয়ন্ত্রণে অতিরিক্ত ট্রাফিক পুলিশ মোতায়েন রয়েছে।

তবে বাস্তবে দেখা যাচ্ছে, জনসমাগমের সঙ্গে সঙ্গে বেড়েছে যানজটও।

যানজট পহেলা বৈশাখ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:58

URL: https://www.timestodaybd.com/bangladesh/74760521